আনন্দবাজার পত্রিকা অনলাইন

১৯ মার্চ ২০২৪

প্রথম পাতা দিল্লিবাড়ির লড়াই কলকাতা পশ্চিমবঙ্গ 🗸 দেশ বিদেশ সম্পাদকের পাতা 🗸 খেলা 🗸 বিনোদন

জীবন + ধারা 🗸 ভিডিয়ো

Anandabazar / Education Career /

Entrepreneurship Development নিজের প্রতিভাকে কাজে লাগিয়ে পড়ুয়াদের স্থনির্ভর করার উদ্যোগ বিবেকানন্দ কলেজের

কলেজ প্রাঙ্গণে চালু করা হয়েছে 'প্রচেষ্টা' নামে বিশেষ স্টল। এ বছরের জুন মাস থেকে এই বিশেষ স্টলটি চালু করা হয়েছে। সেখানে বিভিন্ন বিভাগের পড়ুয়ারা কখনও খাবারের স্টল, কখনও বা হাতের কাজের নানান জিনিসপত্র বিক্রি করে অর্থ উপার্জনের সুযোগ পেয়েছেন।



বিবেকানন্দ কলেজ প্রাঙ্গণে চালু করা হয়েছে 'প্রচেষ্টা' নামে বিশেষ স্টল। নিজস্ব চিত্র।

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

🗣 কলকাতা 🕒 শেষ আপডেট: ১০ অক্টোবর ২০২৩ ১৬:০৬

Share: **f** < Save:

প্রথাগত শিক্ষার পাশাপাশি ছাত্রছাত্রীরা যাতে
নিজের প্রতিভাকে কাজে লাগিয়ে স্থনির্ভর হতে
পারেন সে জন্য উদ্যোগী হয়েছে ঠাকুরপুকুরের
বিবেকানন্দ কলেজ। পড়ুয়াদের শুধুমাত্র চাকরির
উপযোগী করে গড়ে তোলাই নয়, উচ্চশিক্ষিত
হওয়ার পাশাপাশি তাঁরা যাতে নিজেদের প্রতিভাকে
কাজে লাগিয়ে ব্যবসার মাধ্যমে অর্থ উপার্জন
করতে পারেন তার জন্যই এই বিশেষ ব্যবস্থা
কলেজ কর্তৃপক্ষের।



বিবেকানন্দ কলেজ প্রাঙ্গণে চালু করা হয়েছে 'প্রচেষ্টা' নামে বিশেষ স্টল। এ বছরের জুন মাস থেকে এই বিশেষ স্টলটি চালু করা হয়েছে। সেখানে বিভিন্ন বিভাগের পড়ুয়ারা কখনও খাবারের স্টল, কখনও বা হাতের কাজের নানান জিনিসপত্র বিক্রি করে অর্থ উপার্জনের সুযোগ পেয়েছেন।

আরও পড়ন:



বিলুপ্তপ্রায় ভাষার গবেষণায় অ...



জানুয়ারি থেকে লেডি ব্রেবোর্ন কলেজে শুরু... ওই কলেজের শিক্ষিকা দীপাঞ্জনা বসু মজুমদার বলেন, "ছাত্র-ছাত্রীদের প্রথাগত শিক্ষার বাইরে গিয়ে স্থনির্ভর করে তোলাই আমাদের মূল লক্ষ্য। শুধু চাকরির মনোভাব নয়, নিজেদের প্রতিভাকে কাজে লাগিয়ে ব্যবসায়িক মনোভাব তৈরি করাই উদ্দেশ্য এই 'প্রচেষ্টা'র।

এ বছরের জুন মাস থেকে এখনও পর্যন্ত ছাত্র-ছাত্রীরা তিন থেকে চারটি প্রদর্শনী করেছেন এই স্টলের মাধ্যমে যা বিশেষ ভাবে সাড়া ফেলেছে পড়ুয়াদের মধ্যে। এই ধরনের প্রয়াস যাতে সফল হয় তার জন্য কলেজের তরফ থেকে তিন জন শিক্ষককে নিয়ে 'অন্ত্রেপ্রেনরশিপ ডেভেলপমেন্ট সেল' গঠন করা হয়েছে। কলেজ ক্যাম্পাসে এই প্রদর্শনীর আয়োজন তাদেরই উদ্যোগে।

আরও পড়ন:



প্রাথমিকের টেট পরীক্ষায় কমছে পরীক্ষার্থীদের...



প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায়...

এ ছাড়া কলেজ কর্তৃপক্ষের তরফ থেকে
'ফটোগ্রাফি সেল' গঠন করা হয়েছিল ২০২২
সালে। ওই বছরেই 'শক্তি' নামে একটি বিশেষ
প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল কলেজ প্রাঙ্গণে।
এই ধরনের প্রদর্শনীতে শুধুমাত্র পড়ুয়ারা নয়,
শিক্ষক ও শিক্ষাকর্মীরাও অংশগ্রহণ করেছিলেন।
এই প্রদর্শনীতে আলোকচিত্রের পাশাপাশি হাতে
আঁকা ছবিও বিক্রি করা হয়েছিল। মোট ৫০ জন

অংশগ্রহণ করেছিলেন এই আলোকচিত্র প্রদর্শনীতে, যার মধ্যে ১০ শতাংশ শিক্ষক ও শিক্ষাকর্মী।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের Google News, X (Twitter), Facebook, Youtube, Threads এবং Instagram পেজ)

অন্য বিষয়গুলি: Entrepreneurship

Development Educaton

সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:









